

২০২১  
বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

তৃতীয় পত্র

বিশেষ পত্র : রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। রবীন্দ্রজীবনে ‘পূরবী’ কাব্যের আবহে ‘পঁচিশে বৈশাখ’ কবিতাটির ভাব ও তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

‘মাটির ডাক’ কবিতায় প্রকাশিত কবির প্রকৃতিপ্রীতি ও দেশচেতনার স্বরূপটি বুঝিয়ে দাও। ১৫

- ২। ‘প্রান্তিক’ কাব্যের কবিতাগুলি কোন্ অর্থে প্রান্তিক? এদের মধ্যে সুরের ঐক্য আছে কিনা বিচার করো।

অথবা

‘প্রান্তিক’ কাব্যে প্রতিফলিত কবির মৃত্যুচেতনা সম্পর্কে তোমার অভিমত দাও। ১৫

- ৩। ‘রাজা’ নাটককে 'Inner Drama of the Soul' বলা কতটা যৌক্তিক তা বুঝিয়ে দাও।

অথবা

সুদর্শনার আত্মশোধন ও আত্মোপলব্ধিতে দাসী সুরঙ্গমার ভূমিকা ব্যাখ্যা করো। ১৫

- ৪। রবীন্দ্র-গীতিনৃত্যনাট্য হিসেবে ‘তাসের দেশ’-এর স্থান নির্ণয় করো।

অথবা

তত্ত্বনাট্য হিসেবে ‘তাসের দেশ’ নাটকটির সার্থকতা নিরূপণ করো। ১৫

- ৫। ক) ব্যাখ্যা লেখো :  $৫ \times ৪ = ২০$

‘হে ধরণী কেন প্রতিদিন তৃপ্তিহীন  
একই লিপি পড়ে বারে বারে?’

অথবা

‘শুধু এবারের মতো  
বসন্তের ফুল যত

যাব মোরা দুজনে কুড়াতে।’

- খ) ‘পশ্চিমে যাবার মুখে  
বর্জন করো না মোরে উপেক্ষিত ভিক্ষুকের মতো।’

অথবা

‘দামামা ঐ বাজে,

দিন বদলের পালা এল

ঝোড়ো যুগের মাঝে।’